তারিখ ..03 MAY 2016..... পৃষ্ঠা ...১... কলাম..৮... ......

দৈনিক
ইত্তেফাক

# অধ্যাপক রেজাউল হত্যার প্রতিবাদে ৩৭ বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি

■ ইত্তেফাক রিপোর্ট

দুর্বৃত্তের হামলায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের শিক্ষক অধ্যাপক ড. রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং শাস্তির দাবিতে দেশের ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তিন ঘণ্টা কর্মবিরতি পালন করছেন। শিক্ষকদের কর্মবিরতির ফলে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা বন্ধ ছিল।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গতকাল সোমবার সকাল ১০টা থেকে এ কর্মবিরতি পালন করেন। কর্মবিরতি চলে দুপুর ১টা পর্যন্ত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও সকাল ১০টা থেকে কর্মবিরতি পালন করেন। এর আগে সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত সিডিউল অনুযায়ী ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সাংবাদিকদের বলেছেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রবীণ শিক্ষক অধ্যাপক ড. রেজাউল করিম সিদ্দিকী কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত ছিলেন না। তিনি ছিলেন একজন সংস্কৃতিমনা ব্যক্তি। তার হত্যাকাণ্ডের প্রতিবাদে সারা দেশে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কর্মবিরতি পালন করেছে।

**রাবি সংবাদদাতা** জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদে এবং সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবিতে কফিন পৃষ্ঠা ১৯ কলাম ৮

## অধ্যাপক রেজাউল হত্যার

প্রথম পৃষ্ঠার পর

মিছিল করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল সোমবার সকাল সাড়ে ১১টায় আন্দোলনের দশম দিনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করে।

কফিন মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে শিক্ষক সমিতির সমাবেশে মিলিত হয়। এর আগে সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলা ভবনের সামনে থেকে শোক মিছিল বের করে ইংরেজি বিভাগের শিক্ষক শিক্ষার্থীরা।

এছাড়াও একই দাবিতে বিশ্ববিদ্যালয়ের বাংলা, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগও ক্যাম্পাসে প্রতিবাদ মিছিল ও মানববন্ধন করে।

**বাকৃবি** (ময়মনসিংহ) **সংবাদদাতা** জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এ.এফ.এম রেজাউল করিম সিদ্দিকীকে হত্যার প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শিক্ষক সমিতির কর্মবিরতি চলা কালে সকল অনুষদের ক্লাস বন্ধ ছিল।

দুপুর ১২টা হতে ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের করিডোরে অবস্থান কর্মসূচি পালন করে শিক্ষকরা।

**শাহজালাল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** জানান, গতকাল সোমবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই কর্মবিরতি পালন করা হয়। কর্মবিরতির ফলে বিশ্ববিদ্যালয়ের ২৭টি বিভাগে কোনো ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করেন অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, অধ্যাপক ড. মো. সাজেদুল করিম, অধ্যাপক ড. নজরুল ইসলাম, অধ্যাপক ড. আব্দুল আউয়াল বিশ্বাস, অধ্যাপক ড. তুলসী কুমার দাস ও অধ্যাপক ড. সৈয়দ সামসুল আলম প্রমুখ।

**রংপুর প্রতিনিধি** জানান, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘটের ফলে গতকাল সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগে ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত একাডেমিক ভবন-৪ এর সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচিও পালন করেন শিক্ষকরা।

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** জানান, অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডের প্রতিবাদে ও বিচার দাবিতে কালোব্যাজ ধারণ করে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শিক্ষক সমিতি। সোমবার বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কলা মানবিকী অনুষদের সামনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকা কর্মসূচির অংশ হিসেবে তারা এ কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেন।